গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

**সেপ্টেম্বর, ২০২৪ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | **এ. এইচ. এম. সফিকুজ্জামান**<br>**সচিব** |
| সভার তারিখ | ২৩ অক্টোবর ২০২৪ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | সভাকক্ষ (কক্ষ-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এবং ডিজিটাল প্লাটফর্ম (জুম)। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী উপস্থাপনার জন্য উপসচিব (পরিকল্পনা)-কে অনুরোধ করেন। তিনি জানান যে, গত ২৯ আগস্ট ২০২৪ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আগস্ট ২০২৪ মাসের এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। তিনি আরও জানান, চলমান অর্থবছরে ০৬টি প্রকল্প চলমান রয়েছে এবং সবুজ পাতায় আরো ০৭টি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে এডিপি-তে চলমান ০৬টি প্রকল্পের মধ্যে ০৪টি বিনিয়োগ ও ০২ টি কারিগরি সহায়তাপুষ্ট প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পসমূহের অনুকূলে মোট ২৪৮৩৬.০০ লক্ষ (জিওবি ১৩৬১৭.০০ লক্ষ এবং পিএ ১১২১৯.০০ লক্ষ) টাকা এডিপি বরাদ্দ রয়েছে। উক্ত এডিপি বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত ব্যয় ২৮৯৮.৬২ লক্ষ টাকা, যা বরাদ্দের ১১.৬৭%।

**০২। প্রকল্পভিত্তিক আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি আলোচনা:** অতঃপর এজেন্ডা অনুযায়ী ক্রমধারায় চলমান প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

**২.১ "শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রূপান্তর" শীর্ষক প্রকল্প:**

উপসিচব (পরিকল্পনা) সভাকে জানান যে, প্রকল্পটি শ্রম অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে মোট ৪৯৯৯.০৪ লক্ষ টাকা (জিওবি: ৩৯৯৯.০৪ এবং নিজস্ব অর্থায়ন ১০০০.০০) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ ১১৬১.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত অবমুক্তি ৩৬৪.৬৪ লক্ষ টাকা এবং ব্যয় ৯১.৬৬ টাকা যা বরাদ্দের ৭.৮৯% এবং বাস্তব অগ্রগতির হার ৩৫%। প্রকল্পটির সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯৬৬.৬৬ লক্ষ টাকা।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ প্রকল্পের আওতায় ১৫০০০ জনকে প্রশিক্ষণ প্রদানপূর্বক প্রশিক্ষিত জনগোষ্ঠীর ৮০% কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ প্রকল্পের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে ইউসেপ-বাংলাদেশ কাজ করছে।<br>সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মাধ্যমে ৮৮% প্রশিক্ষাণার্থীদের বিভিন্ন ক্ষেত্রে কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে। সভাপতি মহোদয় | ১। প্রশিক্ষণার্থীদের শতকরা কত ভাগ বিভিন্ন পেশায় জড়িত হয়েছে তার একটি Impact Analysis প্রতিবেদন পরবর্তী সভার পূর্বে প্রদান করতে হবে। | শ্রম অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক, ইউসেপ বাংলাদেশ। |

| | | | |
|---|---|---|---|
| | জানতে চান যে, প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের নিয়ে কোন Follow up কার্যক্রম রয়েছে কিনা। সে পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে, এ বিষয়ে একটি Impact Analysis প্রতিবেদন তৈরির কার্যক্রম চলমান রয়েছে এবং তা নভেম্বর ২০২৪ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। বর্তমানে প্রতিটি ট্রেডে প্রশিক্ষণ উপকরণ ক্রয়ের কাজ চলমান রয়েছে। | | |
| ২. | চলমান অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে দিক-নির্দেশনা প্রদান করেন। | এডিপিভুক্ত প্রকল্পসমূহে চলমান অর্থবছরের বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ বাস্তবায়নে কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

**২.২ "মুনশী আরফান আলী-ইউসেপ শ্রম ও কর্মসংস্থান ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে মোট ৪৯৯৬.৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ ১৩৩২.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত অবমুক্তি ৩৩৩.০০ লক্ষ টাকা এবং ব্যয় ১.০০ টাকা যা বরাদ্দের ০.০৭%। প্রকল্পটিরি বাস্তব অগ্রগতি ৫%। প্রকল্পটির আগস্ট ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২.১৮ লক্ষ টাকা। প্রকল্পটির মাধ্যমে সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলায় শ্রম ও কর্মসংস্থান প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন করা হবে যার মাধ্যমে কর্মপ্রত্যাশী বেকার জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পের বর্তমান যে অবস্থা তাতে এ অর্থবছরের ছয় মাসে কোনো অর্থ ব্যয় হবে না। তিনি প্রকল্পের কাজ ত্বরান্বিত করার অনুরোধ জানান।

প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ছকে দেখানো হলো:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক জানান যে, স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নকশার আলোকে দরপত্রের কাজ শুরু করা হয়েছে। শীঘ্রই এর দরপত্র মূল্যায়ন কাজ সম্পন্ন করা হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, প্রকল্পটি বাস্তবায়নে দ্রুত টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা একান্ত প্রয়োজন। | স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নকশা অনুযায়ী গণপূর্তের মাধ্যমে দরপত্রের কাজ দ্রুত এগিয়ে নিতে হবে। | প্রকল্প পরিচালক, শ্রম অধিদপ্তর |

**২.৩ "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৭৯১.০০ লক্ষ টাকা এবং ২০২৪-২৫ প্রকল্পটির এডিপি বরাদ্দ ৯১৮৬.০০ লক্ষ টাকা হলেও মূল বরাদ্দ প্রাপ্ত হয়েছে ৭৩১১.১২ লক্ষ টাকা। তার বিপরীতে সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত ১৮২৮.১৪ লক্ষ টাকা অবমুক্ত এবং ১৩২৭.৮৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ১৮.১৬%। প্রকল্পটিরি বাস্তব অগ্রগতি ৩১%। প্রকল্পটির সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৭০৪.৮৬ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতি ১৯.৮১%।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সভাপতি সমাপ্ত এলাকাসমূহের প্রকল্পের কাজের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় জানান যে, কুষ্টিয়া, ফরিদপুর, মৌলভীবাজার, বরিশাল-এ চারটি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ শেষ হয়েছে যা উদ্বোধনের জন্য প্রস্তুত রয়েছে। বর্তমান পরিপ্রেক্ষিতে আগামী ২৩ নভেম্বর, ২০২৪ কুষ্টিয়া ও ফরিদপুর এবং ৩০ নভেম্বর ২০২৪ তারিখ মৌলভীবাজারের প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শনের বিষয়ে সকল সদস্য একমত প্রকাশ করেন। | আগামী ২৩ নভেম্বর, ২০২৪ তারিখে কুষ্টিয়া ও ফরিদপুর এবং ৩০ নভেম্বর ২০২৪ তারিখে মৌলভীবাজারের প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা। |
| ২. | প্রকল্প পরিচালক জানান প্রকল্পের নরসিংদী এলাকায় জমি অধিগ্রহণে জটিলতা রয়েছে। সভাপতি নরসিংদী জেলায় প্রকল্পের জমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য প্রকল্প পরিচালক-কে নির্দেশনা প্রদান করেন। | নরসিংদি জেলায় প্রকল্পে জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা দ্রুত সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩. | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ৯১ কোটি ৮৬ লক্ষ টাকা এ অর্থবছরে বরাদ্দ রয়েছে। উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, সম্পূর্ণ অর্থ ব্যয় হবে মর্মে সভাকে জানান। | প্রাপ্ত বরাদ্দ যথানিয়মে সম্পূর্ণ ব্যয় নিশ্চিত করতে হবে। | |

### ২.৪ বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) প্রকল্প:

উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, প্রকল্পটি মে ২০২২ হতে এপ্রিল ২০২৫ মেয়াদে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩৬৭.৫৭ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি-তে ১১৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ২৭৪.৫ লক্ষ টাকা ছাড় এবং ৩৫.৯০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ৩.১৫%। প্রকল্পটির বাস্তব অগ্রগতি ৮৬%। সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৮৪৫.৬৬ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতির ৫৪.৮০%। এ প্রকল্পের মাধ্যমে নির্বাচিত সেক্টরের শ্রমিকের ডেটাবেজ প্রণয়নপূর্বক শ্রমিক চিহ্নিতকরণ নম্বর প্রদানের কার্যক্রম বাস্তবায়ানাধীন রয়েছে।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক জানান যে, সফটওয়্যারে ০৩ লক্ষ শ্রমিকদের তথ্য অন্তর্ভুক্তি লক্ষ্যমাত্রা থাকলেও মোট ০৬ লক্ষ ৬৫ হাজার তথ্য অন্তর্ভুক্ত হয়েছে।<br>এ প্রসঙ্গে যুগ্মসচিব (পরিকল্পনা) জানান শ্রমিকদের ডাটাবেজ সেক্টরভিত্তিক পৃথক তালিকা প্রণয়ন করা হলে তা আরও ফলপ্রসূ হবে। | প্রকল্পের সংগৃহীত শ্রমিকদের তথ্যসমূহ সেক্টরভিত্তিক পৃথক তালিকা প্রস্তুতপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা। |
| ২. | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির অনুকূলে Awarness Building বিষয়ক কার্যক্রমটি GIZ কর্তৃক বাস্তবায়িত হবে ফলে এ খাতে জিওবি অর্থ ব্যয় হবে না এবং আরও কিছু খাতে অব্যয়িত অর্থ সমর্পণ করা সম্ভব হবে। | প্রকল্পের অব্যয়িত অর্থ যথাসময়ে সমর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্প মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে Awarness Building কার্যক্রম শেষ করতে হবে। | |
| ৩. | প্রকল্পটির তথ্য সংগ্রহের পদ্ধতি সম্পর্কে সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান SIMEC System Ltd. আইটি ফার্ম এর মাধ্যমে শ্রমিকদের তথ্য সংগ্রহ করা হয়েছে। সভাপতি আইটি ফার্মের কার্যপদ্ধতি সম্পর্কে ধারণা গ্রহণে একটি সভা আয়োজনে নির্দেশনা প্রদান করেন। | প্রকল্পটির সহযোগী সংস্থা SIMEC System Ltd. আইটি ফার্ম নভেম্বর ২০২৪ এর মাঝামাঝি সময়ে এ মন্ত্রণালয়ের সঙ্গে একটি উপস্থাপনা করবে। | |

## ২.৫ "বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ (গোটান)" শীর্ষক প্রকল্প:

উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, প্রকল্পটি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত মোট ৪৭৩৩.০৯ লক্ষ টাকা (ডিপিএ-জিআইজেড) ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ নিশ্চিতে সহায়তা করা। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বরাদ্দ ২০৮২.০৬ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত অবমুক্তি ২০৮২.০৬ লক্ষ টাকা এবং ব্যয় ৭৯৮.৩৩ লক্ষ টাকা যা বরাদ্দের ৩৮.৩৪%। প্রকল্পটিরি বাস্তব অগ্রগতি ৫৯.৫৭%। প্রকল্পটির সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩২৮৪.৯৯ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতি ৬৯.৪০%।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ট্যানারি শিল্পের দেশের বেশির ভাগ সাভার, ঢাকা এলাকায় অবস্থিত কিছু যশোর ও চট্টগ্রামে রয়েছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, ল্যাদার ওয়ার্কিং গ্রুপে অন্তর্ভুক্তির লক্ষ্যে CTP না থাকা নিয়ে প্রায়শ আলোচনা হয়। এ ক্ষেত্রে Social Compliance এর বিষয়টি সেভাবে আলোচিত হয় না। মোট ১৭১০ নম্বরের মধ্যে ৩১০ CTP আর বাকী ১৪০০ Social Compliance এর জন্য বরাদ্দ। এ প্রসঙ্গে সরকার ও মালিক পক্ষের মধ্যে একটি মতবিনিময় সভা সাভারে আয়োজনের অনুরোধ করা হলে সভার সকল সদস্য একমত প্রকাশ করেন। | সভার ট্যানারি এলাকায় এ মন্ত্রণালয় ও প্রকল্প সংশ্লিষ্ট ও স্টেকহোল্ডারদের নিয়ে একটি সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |

## ২.৬ "Advancing Decent Work in Bangladesh" শীর্ষক প্রকল্প।

উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও এর সহযোগিতায় জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে মোট ২৬৮৪১.২২ লক্ষ টাকা (ডিপিএ) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। এটি একটি নতুন অনুমোদিত প্রকল্প এবং বিগত ১৪/১১/২০২৩ তারিখে একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। ২০২৪-২৫ অর্থবছরের এডিপি'তে উক্ত প্রকল্পে ৯১৩৭.৩১ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, যার বিপরীতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত অবমুক্তি ৬৪৩.৮৭ লক্ষ টাকা এবং ব্যয় ৬৪৩.৮৭ লক্ষ টাকা। অগ্রগতির হার বরাদ্দের ৭.০৪%। প্রকল্পটির সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯৭৪.২৪ লক্ষ টাকা যার শতকরা অগ্রগতি ৭.৩৬%। প্রকল্পের বাস্তব অগ্রগতি ১৬.০৩%। এ প্রকল্পের মাধ্যমে আইএলও রোডম্যাপ বাস্তবায়নের জন্য শ্রম আইন সংশোধন, শিশুশ্রম নিরসন, শোভন কর্মপরিবেশ নিশ্চিত করতে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেওয়ার স্বার্থে Implementation Agreement দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। সেলক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | নভেম্বর ২০২৪ এর দ্বিতীয় সপ্তাহের মধ্যে Implementation Agreement সম্পন্ন করতে হবে। | **শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, আইএলও বাংলাদেশ।** |
| ২. | শ্রম আদালতে বিচারকদের বিভিন্ন সমস্যা এবং DIFE পরিদর্শকদের নিয়মিত কার্যক্রমে যে সকল অসুবিধার সম্মুখীন হয় তা নিরসনের লক্ষ্যে GAP Analysis সম্পন্ন করে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সভায় আলোচনা হয়। | শ্রম আদালতে বিচারক এবং DIFE পরিদর্শকদের GAP Analysis ১৫ নভেম্বর ২০২৪ এর মধ্যে সম্পন্ন করতে হবে এবং সে আলোকে দ্রুত প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৩ | শ্রমিকদের সচেতনতা এবং কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে Better Work Initiatives নিয়ে একটি ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | Better Work Initiatives নিয়ে নভেম্বর ২০২৪ এর মধ্যে ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

**২.৭ "“বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট” শীর্ষক প্রকল্প” শীর্ষক প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে,প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মার্চ, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে মোট ১৪০৯.৫৫ লক্ষ টাকা (ডিপিএ-আইএলও) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি বরাদ্দ ১৪০৯.৫৫ লক্ষ টাকা। জুন ২০২৪ পর্যন্ত অবমুক্তি ১৪০৯.৫৫ লক্ষ টাকা এবং ব্যয় ১৩৮৩.০৪ টাকা যা বরাদ্দের ৯৮.১১%। প্রকল্পটির জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৩৮৩.০৪ লক্ষ টাকা।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | আইএলও প্রতিনিধি সভাকে জানান EIS Pilot প্রকল্পের 1st Phrase জুন ২০২৪ এ সমাপ্ত হয়েছে। নেদারল্যান্ডের সরকার 2nd Phrase এর অর্থায়নের বিষয়ে ইতোমধ্যে চূড়ান্ত করেছে। আইএলও আশা করে যে, নেদারল্যান্ডের সঙ্গে চুক্তিটি অক্টোবর ২০২৪ এর মধ্যে স্বাক্ষর হবে। পরবর্তীকালে স্বাক্ষরিত চুক্তিটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হবে। | নেদারল্যান্ড সরকারের সঙ্গে দ্রুত চুক্তি স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ন্যাশনাল প্রজেক্ট কো-অর্ডিনেটর ও আইএলও বাংলাদেশ। |

**৩. অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ: মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ সম্পর্কে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, বর্তমানে এ মন্ত্রণালয় ও তার আওতাধীন দপ্তর/সংস্থার মোট ০৭টি প্রকল্প রয়েছে।**

**সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বিষয়ে বর্তমান অবস্থা উপসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন।**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রম: | প্রকল্পের শিরোনাম | অর্থায়নের উৎস | বর্তমান অবস্থা/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্প। | ৯৯৯,২৫.০০ | প্রকল্পটির ডিপিপি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২ | বাংলাদেশ জাতীয় শ্রম ইন্সটিটিউট স্থাপন প্রকল্প। | ২৯,৪৬২.৩২ | প্রকল্পটির ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলেও তথ্য হালনাগাদ করা প্রয়োজন। |
| ৩ | টংগী শ্রম কল্যাণ কেন্দ্রের পুর্নর্নিমাণ ও আধুনিকায়ন। | ১৩,৩৬৩.১৬ | ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | তৈরি পোশাক ও চামড়া শিল্পে নিয়োজিত শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প। | জিআইজেড ৭৬৪৪.০০ (ডিপিএ) | প্রকল্পটির TAPP পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ৫ | নির্বাচিত সেক্টরে পেশাগতত স্বাস্থ্য সুরক্ষা, প্রতিরোধ ও প্রতিকার বিষয়ক প্রকল্প । | ১৭১৭১.৪১ জিওবি | প্রকল্পটির ডিপিপি এখনও পাওয়া যায়নি। |
| ৬ | কলকারখানায় নারী শ্রমিকের ন্যায্যতা নিশ্চিতকরণ প্রকল্প। | ৯৫০.০০ জিওবি | প্রকল্পটির ডিপিপি এখনও পাওয়া যায়নি। |
| ৭ | আধুনিক সুবিধায় খুলনা ও বরিশালে ০২টি বহুতল শ্রম ভবন নির্মাণ প্রকল্প। | ৩,০০০.০০ জিওবি | পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনঃগঠিত ডিপিপি পাওয়া যায়নি। |

**৪. বিবিধ:** বিবিধ আলোচনায় মহাপরিচালক, শ্রম অধিদপ্তর সভাকে জানান যে, শ্রম অধিদপ্তরের আওতাধীন ৫-শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কেন্দ্র এবংশ্রমজীবী মহিলা হোস্টেল ভবন, কালুরঘাট, চট্টগ্রাম প্রকল্পটি আগামী দুমাসের মধ্যে সেনা কল্যাণ সংস্থা শ্রম অধিদপ্তর-কে হস্তান্তর করবে।

**৪.১ সিদ্ধান্ত:** গুনগতমান বজায় রেখে নভেম্বর ২০২৪ এর মধ্যে হস্তান্তর করতে হবে।
**বাস্তবায়নঃ** মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ঢাকা।

**৫.** সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন যে, সকল প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পূর্ণবাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে। জাতীয়ভাবে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় যেন প্রথম সারির মন্ত্রণালয় হিসেবে বিবেচিত হয় সে লক্ষ্যে সকলকে কাজ করতে হবে। তিনি চলমান অর্থবছর শেষে প্রকল্প বাস্তবায়নে প্রকল্পসমূহের সন্তোষজনক অগ্রগতির প্রত্যাশা ব্যক্ত করেন।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

**এ. এইচ. এম. সফিকুজ্জামান**
**সচিব**

স্মারক নম্বর -৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১ তারিখ: ০৮ কার্তিক ১৪৩০ / ২৪ অক্টোবর ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে-ই বাংলা নগর, ঢাকা;
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই বাংলা নগর, ঢাকা;
৪। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই বাংলা নগর, ঢাকা;
৫। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-ই বাংলা নগর, ঢাকা;
৭। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই বাংলা নগর, ঢাকা;
৮। অতিরিক্ত সচিব, শ্রম অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
৯। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
১০। অতিরিক্ত সচিব (আইও), রপ্তানিমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
১১। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ঢাকা;
১২। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা;
১৩। প্রকল্প পরিচালক, 'কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন'-শীর্ষক প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা;
১৪। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
১৫। প্রকল্প পরিচালক, 'বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট'-শীর্ষক প্রকল্প, ঢাকা;
১৬। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
১৭। ন্যাশনাল প্রজেক্ট কো-অর্ডিনেটর, 'বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট'-শীর্ষক প্রকল্প, ঢাকা;
১৮। উপসচিব, (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
১৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
২০। নির্বাহী প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা;
২১। পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, ঢাকা;
২২। প্রকল্প পরিচালক, 'শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধিতে পিছিয়ে পড়া যুবসমাজকে দক্ষ শিল্প শ্রমিকে রূপান্তর' শীর্ষক প্রকল্প, ঢাকা;
২৩। প্রকল্প পরিচালক, 'বাংলাদেশের ট্যানারি শিল্পে শোভন কর্ম পরিবেশ (গোটান)' শীর্ষক প্রকল্প, ঢাকা;
২৪। যুগ্ম-মহাপরিদর্শক, সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা;
২৫। যুগ্ম-মহাপরিদর্শক, অর্থ ও পরিকল্পনা অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা;
২৬। Saidul Islam, Senior Programme, Officer, ILO, Dhaka;

২৭। প্রকল্প পরিচালক, ‘Advancing Decent work in Bangladesh Project’-শীর্ষক প্রকল্প;
২৮। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
২৯। একাউন্টস অফিসার, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
৩০। Shafinaz Sha, Program manager, ‘বাংলাদেশে কর্মস্থলে দুর্ঘটনাজনিত সুরক্ষা বিষয়ক পাইলট’-শীর্ষক প্রকল্প;
৩১। অফিস কপি;
৩২। মাস্টার কপি।

মোহাম্মদ সাইদুর রহমান
উপসচিব (পরিকল্পনা)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।